



# হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড



## (একটি মহারত্ন কোম্পানি)

### জমির প্রয়োজন

পশ্চিমবঙ্গের নদীয়া, হাওড়া এবং হুগলি জেলায় ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন স্থাপন এবং দক্ষিণ ২৪ পরগণা জেলায় সিএনজি মাদার স্টেশন স্থাপনের জন্য হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেডকে সরাসরি বিক্রয়ের মাধ্যমে মালিকানা হস্তান্তরের দ্বারা দুই প্রকারের বিড ক) প্রযুক্তিগত বিড খ) আর্থিক বিড এর মাধ্যমে মুখবন্ধ খামে উপযুক্ত জমির একমাত্র মালিক বা সহ- মালিকদের জমি বিক্রির প্রস্তাব জমা করার আমন্ত্রণ করা হচ্ছে। নিম্নলিখিত এলাকায় জমির প্রয়োজন।

### নদীয়া জেলায় ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন (ডি.আর.এস) এর স্থানগুলি নিম্নরূপ :

ক্রমিক নং	স্টেশনের প্রকার	জেলা	এলাকা/কলোন	প্রয়োজনীয় জমির আয়তন (দৈর্ঘ্য (মি) x প্রস্থ (মি))	জমি মালিকানা হস্তান্তরের প্রণালী
১	ডি.আর.এস	নদীয়া	কল্যাণী বাইপাস রোডে গয়েশপুর চেকপোস্ট থেকে সগুনা গ্রাম পঞ্চায়েত অফিসের মধ্যে মদনপুর (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
২	ডি.আর.এস	নদীয়া	কল্যাণী-চাকদহ রোডে মদনপুর রেলক্রসিং থেকে নদীয়া মার্বেল ও টাইলসের দোকানের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
৩	ডি.আর.এস	নদীয়া	টাক্কি রোডে কাটাগঞ্জ সিপিএম পার্টি অফিস থেকে আনন্দ বালি বেদি ভবনের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
৪	ডি.আর.এস	নদীয়া	কাঁচরাপাড়া-হরিণঘাটা রোডে বড়োজাগুলি মোড়ে বিপিসিএল পেট্রোল পাম্প থেকে হরিণঘাটা পৌরসভা অফিসের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
৫	ডি.আর.এস	নদীয়া	কাঁচরাপাড়া-হরিণঘাটা রোডে ১২ নম্বর জাতীয় সড়ক-এর বড়োজাগুলি মোড় থেকে বঙ্গিয়া গ্রামীণ বিকাশ ব্যাঙ্ক ভালুকা শাখা অফিসের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
৬	ডি.আর.এস	নদীয়া	পালাগাছা রোডে জলের ট্যাক্সের কাছে ৫১ নং রেলওয়ে ক্রসিং গেট থেকে ভুবন মোহিনী বিদ্যামন্দিরের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
৭	ডি.আর.এস	নদীয়া	পালাগাছা রোডে পালাগাছা মোড় থেকে ৫১ নং রেলওয়ে ক্রসিং গেটের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়

### হাওড়া জেলায় ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন (ডি.আর.এস) এর স্থানগুলি নিম্নরূপ :

ক্রমিক নং	স্টেশনের প্রকার	জেলা	এলাকা/কলোন	প্রয়োজনীয় জমির আয়তন (দৈর্ঘ্য (মি) x প্রস্থ (মি))	জমি মালিকানা হস্তান্তরের প্রণালী
১	ডি.আর.এস	উলুবেড়িয়া, হাওড়া	ন্যাশনাল হাইওয়ে - ১৬ তে ফ্লিপার লিমিটেড থেকে তিরুপতি সার্ভিস স্টেশন (এইচপিএল পেট্রোল পাম্প) - এর মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
২	ডি.আর.এস	বাগনান, হাওড়া	ন্যাশনাল হাইওয়ে - ১৬ তে থেকে বাগনান গ্যাসোলিন সার্ভিস স্টেশন (এইচপিএল পেট্রোল পাম্প) থেকে মানকুর মোড়ের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়

৩	ডি.আর.এস	বিকি হাকোলা, হাওড়া	আমতা রানীহাটি রোডে চৌধুরী অ্যান্ড সনস আইওসিএল পেট্রোল পাম্প থেকে রাণীহাটি বাজার মোড়ের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
---	----------	---------------------	--	---------------	--------------

**হুগলি জেলায় ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন (ডি.আর.এস) এর স্থানগুলি নিম্নরূপ :**

ক্রমিক নং	স্টেশনের প্রকার	জেলা	এলাকা/কলোনি	প্রয়োজনীয় জমির আয়তন (দৈর্ঘ্য (মি) x প্রস্থ (মি))	জমি মালিকানা হস্তান্তরের প্রণালী
১	ডি.আর.এস	আরামবাগ, হুগলি	আরামবাগ লিংক রোডে মা অননুপূর্ণা সার্ভিস স্টেশন (বিপিসিএল পাম্প) থেকে পল্লীশ্রী মোড়ের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
২	ডি.আর.এস	তারকেশ্বর, হুগলি	বৈদ্যবাটি-তারকেশ্বর-চম্পাডাঙ্গা রোডে তারকেশ্বর প্রবেশদ্বার থেকে জয় কৃষ্ণ বাজারের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়
৩	ডি.আর.এস	সিঙ্গুর, হুগলি	বৈদ্যবাটি-তারকেশ্বর রোডে রতনপুর মোড় কালী মন্দির থেকে গজরাজ হুন্ডাই শোরুমের মধ্যে (রাস্তা সংলগ্ন)	১২ মি x ১০ মি	সরাসরি ক্রয়

**দক্ষিণ ২৪ পরগণা জেলায় সিএনজি মাদার স্টেশনের স্থানগুলি নিম্নরূপ :**

ক্রমিক নং	স্টেশনের প্রকার	জেলা	এলাকা/কলোনি	প্রয়োজনীয় জমির আয়তন	জমি মালিকানা হস্তান্তরের প্রণালী
১	সিএনজি মাদার স্টেশন	দক্ষিণ ২৪ পরগণা	গাজীপুর থেকে শোনেপুর খালের মধ্যে লাউহাটি - ভাঙ্গুর বাজার পিডব্লিউডি রোড বরাবর বা এর বাই-লেনে (সর্বনিম্ন ৩.৫ মিটার চওড়া রাস্তা এবং প্রধান পি.ডব্লিউ.ডি. রোড থেকে সর্বাধিক ৫০০ মিটার দূরত্ব)	ন্যূনতম - ০.৫৫ একর, সর্বাধিক - ১ একর (সম্মুখভাগ: সর্বনিম্ন ৩০ মিটার চওড়া)	সরাসরি ক্রয়
২	সিএনজি মাদার স্টেশন	দক্ষিণ ২৪ পরগণা	দক্ষিণ ২৪ পরগণা জেলার বারুইপুর টাউন থেকে ৫ কিমি এর মধ্যে অর্থাৎ বারুইপুর-জয়নগর রোডে বারুইপুর-জয়নগর এবং বারুইপুর ক্যানিং রোড এর ইন্টারসেকশন পয়েন্ট থেকে শুরু করে (অথবা) বারুইপুর-আমতলা রোডে ইএম বাইপাস রোড এবং বারুইপুর - আমতলা রোডের ইন্টারসেকশন পয়েন্ট থেকে শুরু করে (অথবা) বারুইপুর - ক্যানিং রোডে বারুইপুর-চম্পাহাটি এবং বারুইপুর ক্যানিং রোডের ইন্টারসেকশন পয়েন্ট থেকে শুরু করে উপরের রাস্তাগুলির বাই-লেন বরাবর প্লটও দেওয়া যেতে পারে (সর্বনিম্ন ৩.৫ মিটার চওড়া বাই-লেন এবং মূল রাস্তা থেকে ৫০০ মিটারের মধ্যে)	ন্যূনতম - ০.৫৫ একর, সর্বাধিক - ১ একর (সম্মুখভাগ: সর্বনিম্ন ৩০ মিটার চওড়া)	সরাসরি ক্রয়

## এই বিজ্ঞাপনটি শুধু মাত্র জমি কেনার জন্য এবং ডিলারশিপের জন্য নয়

নিম্নলিখিত বিষয় গুলি বিশেষ ভাবে দ্রষ্টব্য:

- ১) প্রয়োজনীয় জমির আয়তন : ন্যূনতম ক্ষেত্র এবং সর্বাধিক ক্ষেত্র এবং ন্যূনতম সম্মুখভাগ উল্লেখ করা হয়েছে।
- ২) জাতীয় মহাসড়কে প্রস্তাবিত জমি ভারত সরকারের NHA নির্দেশিকা পূরণ করবে যা ভারতের সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রকের ২৬.০৬. ২০২০ তারিখের চিঠি নং RW- NH-33032 /01/2017-S&R (R) - এ এবং ওই সংক্রান্ত আরও সংশোধনী যদি থাকে তাতে উল্লিখিত।
- ৩) বিক্রয় আবেদনের তারিখে জমিটির একটি স্পষ্ট এবং বিক্রয়যোগ্য মালিকানা স্বত্ব থাকতে হবে এবং সর্ব আবহাওয়া ও পরিস্থিতিতে জমিটিতে প্রবেশের জন্য ন্যূনতম ৩.৫ মিটার প্রস্থের মোটরযানযোগ্য রাস্তা থাকবে এবং সম্মুখভাগ জুড়ে প্রসঙ্গ প্রবেশ পথ থাকবে।
- ৪) সফল দরদাতারা সমস্ত বিধিবদ্ধ নথিপত্র যেমন জমির ভাড়া (খাজনা) ইত্যাদি ব্যবস্থা করবেন।
- ৫) বিক্রয় দলিল নিবন্ধনের সময় ই-পেমেন্ট বা ডিমান্ড ড্রাফ্ট মোডের মাধ্যমে অর্থপ্রদান করা হবে।
- ৬) যৌথ মালিকানা যুক্ত জমির ক্ষেত্রে যৌথ দরদাতাদের বা যদি পুরো জমি একক মালিকানার না হয়, তাহলে প্রয়োজন অনুযায়ী পরস্পরের সংলগ্ন জমি মালিকগণ / দরদাতা একত্রে জমি বিক্রির প্রস্তাব জমা করতে পারেন। আবেদনের সাথে সকল যৌথ মালিকগণ / দরদাতাকে একটি নোটারাইজড প্রতিশ্রুতি পত্র দিতে হবে। জমি নির্বাচন প্রক্রিয়া চলাকালীন যৌথ দরদাতাদের / জমি মালিকদের মধ্যে কোনো একজন তার জমি বিক্রির প্রস্তাব প্রত্যাহার করে নেয়, তাহলে পুরো সমগ্র প্রস্তাবটি প্রত্যাহান করা হবে।
- ৭) বিক্রয়ের জন্য প্রস্তাবিত জমিটি স্পষ্টভাবে বিভাজিত থাকা উচিত এবং দলিল / পরচা বা রাজস্ব কর্মকর্তার কাছ থেকে প্রাপ্ত স্পষ্টভাবে নির্দেশিত ওই শ্রেণীর সমমানের দলিল বা সার্টিফিকেট উপস্থাপন করতে হবে।
- ৮) যদি জমির বিভাজন স্পষ্ট না থাকে, সেক্ষেত্রে জমির সহ-মালিকরা অবশিষ্ট অন্যান্য মালিকদের -এর থেকে অনাপত্তি সনদ পত্র বা অন্য কোনও প্রাসঙ্গিক নথি জমা দেওয়ার মাধ্যমে তাদের জমির অংশ বিক্রির প্রস্তাব করতে পারে।
- ৯) জমির বিডের বাণিজ্যিক মূল্যায়নের সময় প্রস্তাবিত জমিটিকে রাস্তার স্তরে নিয়ে আসার জন্য, মূল প্রস্তাবিত স্টিল পাইপলাইন গ্রিড ইত্যাদি সংযোগ করার জন্য আনুমানিক খরচ সহ জমি ভরাট / কাটিং খরচ / হিউম পাইপ / কালভার্ট / অতিরিক্ত পাইপলাইন স্থাপন খরচ বিবেচনা করা হবে HPCL-এর অনুমান অনুযায়ী।
- ১০) "গ্রীন বেল্টের" আওতায় আসা জমি বিবেচনা করা হবে না।
- ১১) দালাল এবং সম্পত্তি ব্যবসায়ীদের আবেদন গ্রাহ্য করা হবে না।
- ১২) জেলা কর্তৃপক্ষ এবং অন্যান্য সরকারী সংস্থাগুলিও এই বিজ্ঞাপনের ক্ষেত্রে আবেদন করতে পারে। উপযুক্ত জমি হলে সরকারি সংস্থাকে অগ্রাধিকার দেওয়া হবে।
- ১৩) প্রস্তাবিত জমি অবশ্যই ওভারহেড বৈদ্যুতিক পরিবাহী লাইন এবং টেলিফোন লাইন, পণ্য / জলের পাইপলাইন, খাল, ড্রেনেজ / নালা, জনসাধারণের ব্যবহৃত রাস্তা, রেললাইন ইত্যাদি থেকে মুক্ত হতে হবে। ৪৩০ ভোল্ট বা তার বেশি ওভারহেড বৈদ্যুতিক এল. টি বা এইচ.টি লাইন থাকা জমি নির্বাচন করা হলে জমি রেজিস্ট্রি করার আগে মালিকদের নিজস্ব খরচে পরিবাহী লাইন / লাইনগুলিকে স্থায়ী ভাবে সরানোর ব্যবস্থা করতে হবে।
- ১৪) জমি মালিকদের তার মালিকানার সমর্থনে প্রয়োজন অনুযায়ী সমস্ত নথি প্রদান করতে হবে, যেমন খতিয়ান, পরচা, বিক্রয় দলিল, চেইন দলিল, জমির ম্যাপ, হলফনামা, ক্ষতিপূরণ বন্ড, ইত্যাদি যা মালিকানা যাচাইকরণ, আইনানুগ অনুসন্ধান এবং মূল্যায়নের জন্য প্রয়োজন হতে পারে।
- ১৫) তফসিলি জাতি / উপজাতির দরদাতা / মালিক দের ক্ষেত্রে, তাদেরকে প্রাসঙ্গিক আইন অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষের ছাড়পত্র জমা দিতে হবে।
- ১৬) বর্গাদার রয়েছে এমন জমির ক্ষেত্রে, যদি জমিটি উপযুক্ত বলে গণ্য হয় তবে দরদাতাকে / মালিকদের ২ মাসের নির্দিষ্ট সময়ের মধ্যে তার জমির নথি / স্বত্ব রেকর্ডে বর্গাদার মুক্ত করতে হবে।

১৭) জমির মালিক / দরদাতাকে সরকার অনুমোদিত সার্ভেয়ার / আমিন দ্বারা জমির সীমানা স্পষ্টভাবে নির্ধারণ করাতে হবে এবং প্রয়োজনে জমির পরিমাপের সময় সশরীরে উপস্থিত থেকে HPCL কে সহায়তা করতে হবে।

১৮) একটি সিল করা খামের ভিতরে দুটি বিড সিস্টেমে অফারগুলি জমা দিতে হবে যেখানে কারিগরি এবং আর্থিক বিডের জন্য দুটি আলাদা সিল করা খাম থাকবে।

### **ক) প্রযুক্তিগতবিড:**

নথির সাথে প্রদত্ত জমির বিশদ বিবরণ যদি থাকে তবে অবশ্যই সমস্ত পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে এবং "প্রযুক্তিগত বিড" হিসাবে স্পষ্টভাবে লেখা একটি সিল করা খামে রাখতে হবে। কারিগরি দরপত্রে জমির মূল্য/মূল্য অফার করার কোনো রেফারেন্স রাখা যাবে না।

নিম্নলিখিত বিবরণ দরদাতা দ্বারা জমির প্রস্তাবে অবশ্যই উল্লেখ করতে হবে-

১) সম্পূর্ণ ঠিকানা এবং যোগাযোগ নম্বর সহ আবেদনকারীর নাম।

২) জমির মালিকের নাম।

৩) জমির মূল নকশা যেখানে জমির বিবরণ বিস্তারিত দেখানো হয়েছে।

৪) জমির আয়তন সহ বিক্রয়ের জন্য প্রস্তাবিত এলাকা।

৫) মালিকানা স্বত্ব রেকর্ড বা অন্য কোন প্রাসঙ্গিক দলিল দস্তাবেজ, যেমন খতিয়ান, পরচা বা উপযুক্ত ভূমি রাজস্ব কর্তৃপক্ষ হতে প্রাপ্ত সমতুল্য দলিল বা সার্টিফিকেট।

৬) জমির মালিকানা প্রতিষ্ঠার জন্য লিঙ্ক দলিল / চেইন দলিল মালিকানা দলিল - বিক্রয় দলিল, পাট্রা ইত্যাদি।

৭) পাওয়ার অফ অ্যাটর্নি হোল্ডারদের রেজিস্টার্ড পাওয়ার অফ অ্যাটর্নির একটি অনুলিপি জমা দিতে হবে। ৫), ৬) নং ৭) নং এ উল্লিখিত কাগজপত্র ছাড়াই জমা করা জমি বিক্রির প্রস্তাব প্রত্যাখ্যান করা হবে।

### **খ) আর্থিক দরপত্র:**

আর্থিক দরপত্রে নিম্নলিখিত বিষয়গুলি থাকতে হবে:

সম্ভাব্য বিক্রয় বিবেচনা মূল্য ₹..... প্রতি বর্গমিটার।

আর্থিক দরপত্রকে একটি পৃথক সিল করা খামে রাখতে হবে এবং 'আর্থিক দর' নামাঙ্কিত করতে হবে।

১৯) প্রযুক্তিগত এবং আর্থিক দরপত্র এর খাম উভয়ই একটি তৃতীয় খামের মধ্যে সিল করে সেই খামটির ওপর '.....' (স্থানের জন্য) জমি বিক্রির প্রস্তাব " লিখতে হবে।

২০) জমা দেওয়া প্রস্তাবটি নির্ধারিত তারিখ থেকে ন্যূনতম ১৮০ দিনের জন্য বা পারস্পরিকভাবে বোঝাপড়ার মাধ্যমে বর্ধিত সময়রেখা পর্যন্ত বৈধ থাকবে।

২১) ডাক/ কুরিয়ারে অফিসে পাঠানো দলিল- দস্তাবেজের কোনোরকম ক্ষতি বা প্রেরিত নথিপত্র না পাওয়া গেলে তার দায়িত্ব এইচপিসিএল গ্রহণ করবে না। প্রাপ্ত আর্থিক দরপত্র গুলি শুধুমাত্র প্রস্তাব হিসেবে গৃহীত হবে এবং এইচপিসিএল কোনোরকম প্রতিশ্রুতির মধ্যে আবদ্ধ হবে না।

২২) মাদার স্টেশন / ডিস্ট্রিক্ট রেগুলেটিং স্টেশন স্থাপনের জন্য এনএইচ / এসএইচ / পিডব্লিউডি / টাউন প্ল্যানিং- এর উল্লিখিত নিয়ম গুলি পূরণ না হলে জমি প্রত্যাখ্যাত হতে পারে।

২৩) কারিগরি মূল্যায়ন কমিটির রিপোর্টের ভিত্তিতে জমির উপযুক্ততা নির্ধারণ করা হবে।

২৪) এইচপিসিএল সম্পূর্ণ বিজ্ঞাপন বা বিজ্ঞাপন দেওয়া যে কোনও স্থান বাতিল করার অধিকার সম্পূর্ণ রূপে সংরক্ষণ করে।

২৫) প্রতিটি এলাকা/কলোনি র জন্য আলাদা জমি বিক্রির প্রস্তাব দিতে হবে।

২৬) কোনো রকম বিতর্কের সৃষ্টি হলে, বিজ্ঞাপনের ইংরেজি সংস্করণকে চূড়ান্ত বলে গৃহীত হবে।

২৭) আগ্রহী জমিমালিকগণ নির্ধারিত তারিখ (০৬.১২.২০২৩) এবং সময় (বিকেল ৫টা) র মধ্যে নীচে নির্দেশিত অফিস ঠিকানায় নির্দিষ্ট বাক্সে তাদের জমি বিক্রির প্রস্তাব সহ যাবতীয় নথিপত্র সিলকরা খামে জমা দিতে পারে। প্রস্তাব গুলি একই ঠিকানায় রেজিষ্ট্রি পোস্ট মাধ্যমেও পাঠানো যেতে পারে, তবে এইচপিসিএল ডাক বিভাগের কোনও দেৱীর জন্য দায়ী থাকবে না। নির্ধারিত তারিখ এবং সময়ের পরে প্রাপ্ত / পৌঁছানো প্রস্তাব গুলি বিবেচনা করা হবে না। “প্রযুক্তিগত বিড” গুলি ০৭.১২.২০২৩ তারিখে নির্দিষ্ট অফিসে দুপুর ২.৩০ টায় মিনিটে খোলা হবে। আগ্রহী দরদাতারা প্রযুক্তিগত দরপত্র খোলার সময় উপস্থিত থাকতে পারেন।

**হিন্দুস্তান পেট্রোলিয়াম কর্পোরেশন লিমিটেড, সি.জি.ডি. প্রজেক্ট - ডব্লিউ.বি. ক্লাস্টার, ১৪ তলা, এনবিসিসি স্কেয়ার, অ্যাকশন এরিয়া - III, নিউ টাউন, পশ্চিমবঙ্গ - ৭০০১৩৫**

যে কোনো প্রকার অনুসন্ধানের জন্য, সোমবার থেকে শনিবার সকাল ১০ টা থেকে বিকেল ৫ টার মধ্যে যোগাযোগ করুন। যোগাযোগের নম্বর ৭০০১৬৪২৫৫৬ (নদিয়া)/ ৯০৫১৬৩০৫৫৫ (হাওড়া এবং হুগলি)/ ৯৪৯০৪২৬৭৩২ (দক্ষিণ চব্বিশ পরগনা)।



[f/hpcl](https://www.facebook.com/hpcl) | [X/hpcl](https://www.x.com/hpcl) | [@/hcpcl](https://www.instagram.com/hpcl)  
[www.hindustanpetroleum.com](http://www.hindustanpetroleum.com)

